## (Difference between Micro Teaching and Traditional Teaching)

| নং | অণুশিক্ষণ | প্রথাগত শিক্ষণ |
|---|---|---|
| 1. | অণুশিক্ষণে শিক্ষার্থীর সংখ্যা 5 থেকে 10 জন হয়ে থাকে (শিক্ষার্থীর সংখ্যা কম)। | প্রথাগত শিক্ষণে শিক্ষার্থীর সংখ্যা 40 থেকে 60 জন হয়ে থাকে (শিক্ষার্থীর সংখ্যা বেশি)। |
| 2. | অণুশিক্ষণে একই সময়ে একটিই মাত্র দক্ষতা প্রয়োগ করা হয়। | প্রথাগত শিক্ষণে একই সময়ে সমস্ত দক্ষতাগুলিকে প্রয়োগ করা হয়। |
| 3. | অণুশিক্ষণে তাৎক্ষণিক প্রতিক্রিয়ার উপর বেশি গুরুত্ব দেওয়া হয়। | প্রথাগত শিক্ষণে তাৎক্ষণিক প্রতিক্রিয়ার উপর বেশি গুরুত্ব দেওয়া হয় না। |
| 4. | অণুশিক্ষণ ছয়টি স্তরের দ্বারা পরিচালিত হয়। | প্রথাগত শিক্ষণ চারটি স্তরের দ্বারা পরিচালিত হয়। |
| 5. | অণুশিক্ষণ একটি বিশ্লেষণাত্মক প্রক্রিয়া। সংশ্লেষণাত্মক প্রক্রিয়া। | এটি প্রথাগত শিক্ষণ। |
| 6. | অণুশিক্ষণ শিক্ষককেন্দ্রিক একটি প্রক্রিয়া। | প্রথাগত শিক্ষণ শিক্ষার্থীকেন্দ্রিক একটি প্রক্রিয়া। |

Scanned with CamScanner

## (Disadvantages of Micro Teaching)

1. অণুশিক্ষণে দক্ষতার উপর বিশেষ গুরুত্ব দান করা হয়। তাই অনেক সময় শিক্ষণীয় বিষয়বস্তু অবহেলিত হতে পারে।
2. অণুশিক্ষণ অত্যন্ত সময়সাপেক্ষ। কারণ সমস্ত শিক্ষার্থীকে ছোটো ছোটো দলে ভাগ করে প্রশিক্ষণ দেওয়া হয়। সাধারণত শ্রেণির সময়সীমার মধ্যে এটি সমাপ্ত করা সম্ভবপর হয় না।
3. অণুশিক্ষণ প্রক্রিয়াটির পরিচালনার জন্য উপযুক্ত বিশেষ জ্ঞানসম্পন্ন তত্ত্বাবধায়ক বা শিক্ষক প্রয়োজন। যা অনেক সময়ই সরবরাহ করা সম্ভবপর হয় না।

Scanned with CamScanner

4. অণুশিক্ষণ প্রক্রিয়াটি ব্যয়বহুল। কারণ এর জন্য দরকার অডিয়ো (Audio) টেপরেকর্ডার, ভিডিয়ো ক্যামেরা ও অন্যান্য বিভিন্ন ব্যয়সাপেক্ষ উপকরণ সামগ্রী।
5. শিক্ষক-শিক্ষণের সংক্ষিপ্ত সময়তালিকার মধ্যে অণুশিক্ষণ প্রক্রিয়াটি আলোচনা করা প্রায় অসম্ভব।
6. প্রক্রিয়াটি দীর্ঘসময় ধরে চলে, কারণ এটি প্রয়োগের পূর্বে পর্যাপ্ত অনুশীলন প্রয়োজন হয়। এতে শিক্ষার্থীদের একঘেয়েমি আসতে পারে।
7. অণুশিক্ষণে একবার দক্ষতা অর্জন করার পর তার সংহতিসাধন অত্যন্ত কঠিন কাজ।
8. অণুশিক্ষণকে এককভাবে অনুশীলন করা সম্ভবপর নয়। এর সঙ্গে অন্যান্য শিক্ষণ দক্ষতাসমূহ, যেমন—ভূমিকায়ন, পারস্পরিক প্রতিক্রিয়া (Interaction) বিশ্লেষণ প্রভৃতির আলোচনাও অত্যন্ত আবশ্যক।

### 3.3.9. অণুশিক্ষণ: কেন্দ্রীয় শিক্ষণ দক্ষতার উপাদানসমূহ (Micro Teaching: Core Component Teaching Skills)

বিভিন্ন অভিজ্ঞতা ও গবেষণা থেকে দেখা যায় যে, পাঠের স্তর, শিক্ষার্থীদের পরিণমনের স্তর, পাঠক্রমের লক্ষ্য, শিক্ষক ও শিক্ষার্থীর পছন্দের উপর ভিত্তি করে পরিবর্তিত হয়। NCERT-র বিশেষজ্ঞগণ নিম্নলিখিত 20টি কেন্দ্রীয় শিক্ষণ দক্ষতার উপাদান নিয়ে আলোচনা করেছেন, যেগুলি ভারতীয় শিক্ষাব্যবস্থায় শিক্ষকদের বিকাশমূলক কার্যক্রমগুলিতে অনুশীলন করা হয়। নীচে এগুলি সম্পর্কে আলোচনা করা হল—

| ক্রমিক নং | শিক্ষণ দক্ষতার সংক্ষিপ্ত রূপ | শিক্ষণ দক্ষতাসমূহের বিশেষীকরণ |
|---|---|---|
| 1. | নির্দেশনামূলক উদ্দেশ্যসমূহের লিপিবদ্ধকরণ | স্পষ্টতা, বিষয়বস্তুর প্রেক্ষিতে গুরুত্ব, বিভিন্ন স্তর ও ক্ষেত্রের পরিপ্রেক্ষিতে ফলশ্রুতি অর্জনে কতটা গ্রহণযোগ্য তা দেখা। |
| 2. | বিষয়বস্তুর সংগঠন | বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে স্থানীয় সংগঠন ও শিক্ষার্থীদের প্রয়োজনীয়তার ভিত্তিতে মনোবৈজ্ঞানিক সংগঠন। |
| 3. | পাঠ উপস্থাপনে উপযুক্ত পরিবেশের আয়োজন বা নির্মাণ | শুভালাপসূচক শব্দ (তোমরা কেমন আছ, শুভদিন), শিক্ষার্থীদের প্রদত্ত অভিবাদন গ্রহণ, তাদের মনোযোগ আকর্ষণ করা, নির্দেশনা দান করা, বিভিন্ন উপকরণ, যেমন—চক, ডাস্টার, শিক্ষার সরঞ্জাম ও উপকরণ বিষয়ে সুনিশ্চিত হওয়া। |

Scanned with CamScanner

| ক্রমিক নং | শিক্ষণ দক্ষতার সংক্ষিপ্ত রূপ | শিক্ষণ দক্ষতাসমূহের বিশেষীকরণ |
|---|---|---|
| 4. | পাঠের আয়োজন ও পাঠ পরিচয় করা | শিক্ষার্থীদের পূর্বের অভিজ্ঞতার সঙ্গে বর্তমানের তথ্যগুলি সংযুক্ত করা ও আয়োজনের সঙ্গে পাঠের মূল অংশগুলিকে সংযুক্ত করা, প্রশ্নকরণ, উদাহরণ প্রদর্শন, চার্ট বা শিক্ষামূলক উপকরণসমূহ প্রদর্শন প্রভৃতি কৌশল ব্যবহার করা। |
| 5. | শ্রেণিকক্ষের প্রশ্নাবলির সংগঠন | বিভিন্ন স্তরের প্রশ্নের সংগঠন (সাধারণ, মধ্যম ও উচ্চ মানের/জ্ঞানমূলক, বোধমূলক, প্রয়োগমূলক/বিশ্লেষণ, সংশ্লেষণ ও মূল্যায়নধর্মী) যেগুলি ব্যাকরণগত দিক থেকে যেমন সংক্ষিপ্ত ও শুদ্ধ হবে এবং বিষয়গত দিক থেকে যৌক্তিক হবে। |
| 6. | প্রশ্নের সরবরাহ এবং বণ্টন | যথার্থ দ্রুততার সঙ্গে প্রশ্নের সরবরাহ এবং সেই সঙ্গে প্রশ্নের উচ্চারণভঙ্গি যথার্থ স্বরক্ষেপণ ও প্রয়োজনীয় চিন্তনের জন্য বিরতি (Pause) ব্যবহার করা, শ্রেণিকক্ষে অংশগ্রহণে ইচ্ছুক ও অনিচ্ছুক উভয় ধরনের শিক্ষার্থীদের মধ্যে প্রশ্নের যথার্থ বণ্টন। |
| 7. | প্রতিক্রিয়ার ব্যবস্থাপনা | প্রোৎসাহিতকরণ, অতিরিক্ত তথ্য সম্পর্কে জিজ্ঞাসা, পুনরালোকপাত করা, সন্ধানী প্রশ্নকরণ, পুনর্নির্দেশনা দান, মতামত গ্রহণ ও বর্জন। |
| 8. | ব্যাখ্যাকরণ | স্বচ্ছতা, ধারাবাহিকতা, বিষয় অনুসারে গুরুত্ব বজায় রাখা, সূচনা ও সমাপ্তিসূচক বাক্য ব্যবহার করা এবং বিশেষ গুরুত্বপূর্ণ ও অপরিহার্য অংশগুলি উল্লেখ করা। |
| 9. | উদাহরণসহ ব্যাখ্যাকরণ | পাঠের সঙ্গে সম্পর্কযুক্ত নির্দিষ্ট পয়েন্টের ভিত্তিতে সহজ ও আগ্রহব্যঞ্জকভাবে বিষয়ের ব্যাখ্যা। |
| 10. | শিক্ষা উপকরণের ব্যবহার | বিষয়বস্তুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, শিক্ষার্থীদের স্তরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ শিক্ষা উপকরণের যথাযথ প্রদর্শন ও ব্যবহার। |
| 11. | উদ্দীপক বৈচিত্র্যসাধন | শারীরিক সঞ্চালন, অঙ্গভঙ্গি, জ্ঞানেন্দ্রিয়গুলি কেন্দ্রীভূতকরণের পরিবর্তন, সংযোগসাধন প্রক্রিয়ার মধ্যে পরিবর্তন, স্বর পরিবর্তন ও বিরতির (Pause) মধ্যে হ্রাস বৃদ্ধিকরণ, শ্রাব্য (Audio) ও দৃশ্যমূলক বিষয়সমূহ উপস্থাপন এবং শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণকে উৎসাহিত করা। |

Scanned with CamScanner

| ক্রমিক নং | শিক্ষণ দক্ষতার সংক্ষিপ্ত রূপ | শিক্ষণ দক্ষতাসমূহের বিশেষীকরণ |
|---|---|---|
| 12. | পুনরুৎসাহ প্রদান | প্রশংসাসূচক বাক্যের ব্যবহার, উত্তরদানে শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধিকরণ ও তাদের আগ্রহগুলিকে যথোচিত প্রীতিপূর্ণ ভঙ্গিতে ব্যবহার করা। শিক্ষার্থীদের উত্তরগুলি বোর্ডে লিখে দেওয়া। |
| 13. | পাঠের গতি নির্ধারণ | শিক্ষার্থীদের স্তরের সঙ্গে এবং বিষয়বস্তুর কাঠিন্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে পাঠ সরবরাহ করা। |
| 14. | শিক্ষার্থীদের অংশগ্রহণকে প্রোৎসাহিতকরণ | প্রশ্নকরণের মাধ্যমে শিক্ষার্থীদের অংশগ্রহণের মাত্রা বৃদ্ধি করা, অংশগ্রহণের উপযুক্ত পরিবেশ তৈরি করা, অবাচনিক সংকেতপ্রদান, শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে আহ্বান জানানো। |
| 15. | ব্ল্যাকবোর্ডের ব্যবহার | সহজপাঠ্য, পরিচ্ছন্ন এবং বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে সহায়ক তথ্যের উল্লেখকরণ। |
| 16. | পাঠ সমাপ্তিকরণ | এই বিষয়ে সারসংক্ষেপ এমনভাবে উপস্থাপন করতে হবে যাতে তা অতীত, বর্তমান ও ভবিষ্যৎ শিখনের এই তিনটি দিককেই নির্দেশিত করে। |
| 17. | গৃহকাজ প্রদান/অনুশীলনী প্রদান | শিক্ষার্থীদের বয়ঃক্রম ও শিক্ষণীয় বিষয়বস্তুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে গৃহকাজ (Home task) প্রদান। |
| 18. | শিক্ষার্থীদের অগ্রগতির মূল্যায়ন | নির্দেশনামূলক উদ্দেশ্যের পরিপ্রেক্ষিতে প্রশ্নকরণ ও পর্যবেক্ষণ। |
| 19. | শিখন সমস্যাগুলি নির্ণয় ও সংস্কারধর্মী শিক্ষণের ব্যবস্থা করা | শিখন সমস্যা ও জটিলতাগুলির উপযুক্ত কারণ নির্ণয় করা এবং তার পরিপ্রেক্ষিতে উপযুক্ত সংস্কারমূলক শিক্ষণের ব্যবস্থা করা যা শিক্ষার্থীদের স্তরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। |
| 20. | শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা | ছাত্রসুলভ নমনীয় আচরণ সম্পাদনে উৎসাহিত করা এবং যে সমস্ত আচরণ শ্রেণিকক্ষের উপযুক্ত নয় সেগুলি বর্জন। |

Scanned with CamScanner